সীমিত

সেনাসদর
কিউএমজির শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর
ঢাকা সেনানিবাস

তারালাপনীঃ ৮৭১১১১১ বর্ধিত ২৬৬৪

২৮ আষাঢ় ১৪৩১
০১ জুলাই ২০২৪

২৩.০১.৯০১.০৪৪.০২.০৭১.০২.০৭.২৪.মিরপুর ডিওএইচএস

**ট্রেড লাইসেন্স ও স্বল্প পরিসরে অফিস ভাড়া প্রসঙ্গে**

বরাতঃ

ক। ৬০তম ডিওএইচএস সেন্ট্রাল কমিটি সভার কার্যবিবরণী তারিখ ১৯ জুন ২০২৪।

১। বরাত পত্রের আলোচ্যসূচী ৬.২ এর আলোচ্যসূচী ও সিদ্ধান্ত নিম্নরুপঃ

**আলোচ্যসূচী-৬.২ঃ** ট্রেড লাইসেন্স ও স্বল্প পরিসরে অফিস ভাড়া প্রসঙ্গে।

**সিদ্ধান্তঃ**

ক। ভবিষ্যতে মিরপুর ডিওএইচএস এ নতুন অফিস পরিচালনার অনুমোদন দেয়া হবেনা। ইতোমধ্যে অনুমোদিত অফিসের অনুমোদনের শর্তাবলী ব্যত্যয় পরিলক্ষিত হলে ডিওএইচএস পরিষদ এবং ভ্রাম্যমান আদালত কর্তৃক অফিস অপসারনের কার্যক্রম গ্রহণ করা হবে।

খ। ভাড়াটিয়াগণকে ডিওএইচএস সমূহের ঠিকানায় আর কোন ট্রেড লাইসেন্স দেয়া যাবে না।

গ। ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা মিরপুর ডিওএইচএস পরিষদের সাথে সমন্বয় করে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করবে। আবাসিক এলাকায় অবস্থিত কেমিক্যাল, গার্মেন্টস সামগ্রী, জুতা তৈরীর কারখানা ও দাহ্য পদার্থের স্টোরেজসমূহ অপসারণের প্রয়োজনীয় বিশেষ কার্যক্রম গ্রহন করবে।

ঘ। এছাড়াও অন্যান্য ব্যত্যয়সমূহ যেমনঃ Airbnb বা অনুরূপ সাময়িক বাসস্থান সেবা প্রদান সংক্রান্ত অনলাইন প্লাটফর্ম ব্যবহার করে ব্যবসা পরিচালনা বন্ধ করা এবং অননুমোদিত হোস্টেল বা মেস ও বিভিন্ন মনোহরি দোকান অপসারণকল্পে সেনাসদর, কিউএমজির শাখা এবং পরিষদ একটি প্রস্তাবনা মাননীয় সেনাবাহিনী প্রধান ও চেয়ারম্যান ডিওএইচএস সেন্ট্রাল কমিটির নিকট উপস্থাপন করবে।

২। উপরোক্ত আলোচ্যসূচী ও সিদ্ধান্ত মোতাবেক আপনাদের কর্তৃক নিম্নবর্ণিত ছকে প্রদত্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করতঃ অগ্রগতি প্রতিবেদন আগামী ৩০ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে সেনাসদরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলোঃ

| ক্রমিক | সিদ্ধান্ত | কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | ভবিষ্যতে মিরপুর ডিওএইচএস এ নতুন অফিস পরিচালনার অনুমোদন দেয়া হবেনা। ইতোমধ্যে অনুমোদিত অফিসের অনুমোদনের শর্তাবলী ব্যত্যয় পরিলক্ষিত হলে ডিওএইচএস পরিষদ এবং ভ্রাম্যমান আদালত কর্তৃক অফিস অপসারনের কার্যক্রম গ্রহণ করা হবে। | মিরপুর ডিওএইচএস পরিষদ | |
| ২। | ভাড়াটিয়াগণকে ডিওএইচএস সমূহের ঠিকানায় আর কোন ট্রেড লাইসেন্স দেয়া যাবে না। | সিইও, ক্যান্টনমেন্ট বোর্ড | |
| ৩। | ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা মিরপুর ডিওএইচএস পরিষদের সাথে সমন্বয় করে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করবে। আবাসিক এলাকায় অবস্থিত কেমিক্যাল, গার্মেন্টস সামগ্রী, জুতা তৈরীর কারখানা ও দাহ্য পদার্থের স্টোরেজসমূহ অপসারণের প্রয়োজনীয় বিশেষ কার্যক্রম গ্রহন করবে। | সিইও, ক্যান্টনমেন্ট বোর্ড ও মিরপুর ডিওএইচএস পরিষদ | |
| ৪। | এছাড়াও অন্যান্য ব্যত্যয়সমূহ যেমনঃ Airbnb বা অনুরূপ সাময়িক বাসস্থান সেবা প্রদান সংক্রান্ত অনলাইন প্লাটফর্ম ব্যবহার করে ব্যবসা পরিচালনা বন্ধ করা এবং অননুমোদিত হোস্টেল বা মেস ও বিভিন্ন মনোহরি দোকান অপসারণকল্পে সেনাসদর, কিউএমজির শাখা এবং পরিষদ একটি প্রস্তাবনা মাননীয় সেনাবাহিনী প্রধান ও চেয়ারম্যান ডিওএইচএস সেন্ট্রাল কমিটির নিকট উপস্থাপন করবে। | সেনাসদর, কিউএমজির শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর ও বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর, সাভার এবং চট্টগ্রাম ডিওএইচএস পরিষদ | |